

# চমেকে ছাত্র নির্যাতন : নির্মমতা তুলে ধরে লিখিত অভিযোগ

ছাত্রলীগের সাবেক পাঁচ নেতার নাম

নিজস্ব প্রতিবেদক, চট্টগ্রাম



চট্টগ্রাম মেডিক্যাল কলেজের (চমেক) প্রধান ছাত্রাবাসে চার শিক্ষার্থীকে নির্যাতনের ঘটনায় হাসপাতালের আইসিইউতে চিকিৎসাধীন দুই ছাত্র এবং তাঁদের পরিবার লিখিত অভিযোগ করেছে। গতকাল সোমবার দুপুরে চমেক অধ্যক্ষ বরাবর এই অভিযোগ দেওয়া হয়।

তিন পৃষ্ঠা করে আলাদা অভিযোগ দুটিতে নির্যাতনের নির্মমতা তুলে ধরা হয়েছে। এতে কলেজ ছাত্রলীগের বহিক্ষত সাবেক পাঁচ নেতার নামও রয়েছে।

নির্ভরযোগ্য একাধিক সূত্রে জানা গেছে, অভিযোগে কলেজ  
ছাত্রলীগের বহিস্থূত সাবেক নেতা অভিজিত দাশ, রিয়াজুল  
ইসলাম, সাজু দাস, সাজেদুল ইসলাম হৃদয়, সৌরভ  
দেবনাথের নাম আছে। তাঁরা আওয়ামী লীগের রাজনীতিতে  
জড়িত প্রভাবশালী এক নেতার অনুসারী হিসেবে ক্যাম্পাসে  
পরিচিত। এ ছাড়া আরো কয়েকজন ঘটনায় জড়িত ছিল  
বলে অভিযোগে উল্লেখ করা হয়।

গত বুধবার রাতে চমেক প্রধান ছাত্রাবাসে ওয়াকিল,  
সাকিবসহ এমবিবিএস ৬২তম ব্যাচের চার ছাত্রকে  
নির্যাতনের অভিযোগ উঠেছে। ওই ঘটনার পরের দিন গত  
বৃহস্পতিবার রাত ৯টার দিকে সাকিব ও ওয়াকিলকে চমেক  
হাসপাতালে ভর্তি করা হয়। অন্য দুই ছাত্রকে বাড়ি পাঠিয়ে  
দেওয়ারও অভিযোগ রয়েছে।

এ ছাড়া গত শনিবার দুপুরে চমেক হাসপাতালের  
আইসিইউতে গিয়ে তাঁদের আবার হুমকি দেওয়ার অভিযোগ  
উঠেছে। ঘটনার পাঁচ দিনেও কোনো মামলা করা হয়নি।  
অবশেষে গতকাল দুই ছাত্র লিখিত অভিযোগ দিয়েছেন।

চমেক অধ্যক্ষ সাহেনা আক্তার গত রাতে বলেন, ‘চমেক  
হাসপাতালের আইসিইউতে চিকিৎসাধীন জাহিদ হোসেন  
ওয়াকিল ও সাকিব হোসেনের লিখিত অভিযোগ আমরা  
পেয়েছি। দুপুরে ওয়াকিলের বাবা এবং সাকিবের বাবা, মা ও  
মামা এসে লিখিত অভিযোগ দিয়ে গেছেন। আজ মঙ্গলবার

কলেজে একাডেমিক কাউন্সিলের জরুরি সভা আহ্বান করা  
হয়েছে। পরবর্তী পদক্ষেপ গ্রহণের ব্যাপারে সভায় সিদ্ধান্ত  
নেওয়া হবে।'